

নং-৪৫.১৭২.০০২.০০.০০.০০১.২০০৯ (অংশ-১)-১৩৪

তারিখঃ ১৭.০৫.২০১৭ খ্রিঃ


বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউটের শীর্ষক সমাপ্ত প্রকল্পের ২৪২ (দুইশত বিয়াল্লিশ) পদ জনবলসহ রাজস্বখাতে নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণে বিশেষ বিধিমালা (এস.আর.ও) প্রণয়ন প্রসঙ্গে।

সূত্র : শিমাআইপ্রশাসন/২১৬/৬৫২, তারিখ : ০৮.০১.২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউটের শীর্ষক সমাপ্ত প্রকল্পের ২৪২ (দুইশত বিয়াল্লিশ) পদের চাকুরী রাজস্বখাতে নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণে বিশেষ বিধিমালা (এসআরও) প্রণয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত সংশ্লিষ্ট কাগজপত্র/তথ্যাদি সত্যায়ন পূর্বক প্রস্তাবের ১০ (দশ) সেট পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো:

- ক) বিশেষ বিধিমালা (এসআরও) প্রণয়ন সংক্রান্ত প্রস্তাবের বিষয়ে সংশ্লিষ্ট যুগ্মসচিব কর্তৃক স্বাক্ষরিত সার-সংক্ষেপ ;
- খ) খসড়া প্রজ্ঞাপনসহ তফসিল ;
- গ) প্রকল্পের জনবলকে রাজস্বখাতে স্থানান্তরের পদভিত্তিক যৌক্তিকতা ;
- ঘ) কর্মরত জনবলের তালিকা ;
- ঙ) প্রস্তাবিত পদসমূহের কার্যাবলী;
- চ) প্রস্তাবিত জনবলের কে কবে নিয়োগপ্রাপ্ত হয়েছে এবং তারা সংশ্লিষ্ট প্রকল্পের পিপি অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হয়েছে কিনা, এ সংক্রান্ত তথ্য;
- ছ) প্রস্তাবিত জনবল সাকুল্য বেতনে নিয়োগপ্রাপ্ত হয়েছে কিনা, তার বিবরণ;
- জ) জনবলসহ পদ রাজস্বখাতে স্থানান্তরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতির অনুলিপি;
- ঝ) জনবলসহ পদ রাজস্বখাতে স্থানান্তরে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের সম্মতির অনুলিপি;
- ঞ) অর্থ বিভাগের বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগের বেতন স্কেল যাচাই সংক্রান্ত পৃষ্ঠাংকন পত্রের অনুলিপি;
- ট) জনবলসহ পদ রাজস্বখাতে স্থানান্তরে অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকিত জি.ও'র কপি;
- ঠ) পদসমূহ রাজস্বখাতে স্থানান্তরে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ;
- ড) প্রকল্পের পিপি'র সংশ্লিষ্ট অংশ;
- ণ) বিশেষ এস.আর.ও জারির (অর্থ মন্ত্রণালয় কর্তৃক) বিষয়ে সরকারের নীতিগত সিদ্ধান্তের সম্মতির কপি;
- ত) প্রস্তাবের সাথে Sutonny MJ Font-এ সার-সংক্ষেপ, তফসিলসহ খসড়া প্রজ্ঞাপন সম্বলিত সিডি।

সংযুক্তি: প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি ১০ (দশ)সেট।


(এস এম জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আ: উপ-সচিব, বিধি-১শাখা)

অনুলিপি অবগতির জন্য:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। নির্বাহী পরিচালক, শিশু-মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট, মাতুয়াইল, ঢাকা।

চলমান পাতা-২

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (আ:ব্য:অ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।